

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৭ (ভোকেশনাল-২)  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৯৫.১৩ - ৭৪৪

তারিখ: ১৯/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : টিএসসি/হবি/প্রকিউরমেন্ট প্লান/২০১৬-১৭/২০১৬/১৯৯৫, তারিখ: ২২/৯/২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'য় ক্রয় প্রক্রিয়াকরণের জন্য উল্লিখিত তারিখ বাস্তব সম্মত নয়। অর্থাৎ, ডাক যোগাযোগের সময় এবং HOPE কর্তৃক 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য নূন্যতম সময় বিবেচনা না করে প্রস্তাব পত্রে ক্রয় প্রক্রিয়াকরণের তারিখ দেয়া হয়েছে।
- ৪৮৫২-রাসায়নিক দ্রব্যাদি উপধাতে রসায়নে অন্যান্য আনুষঙ্গিক মালামাল (রাসায়নিক নয়) ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি/সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং সর্বমোট টাকার পরিমাণ উল্লেখ করা হয়নি।
- ৪৮৮৮-কম্পিউটার সামগ্রী উপধাতে টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপধাতের আওতায় মেরামত যোগ্য মালামাল/যন্ত্রপাতির কোন তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপধাতে সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির কোন তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর ব্যতীত শুধুমাত্র অধ্যক্ষের একক স্বাক্ষর রয়েছে।

২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' (APP) প্রণয়ন করে অধিদপ্তরে প্রেরণের জন্য অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০১.১৬-৬৪৭(৮৭), তারিখ : ১৭/৭/২০১৬ খ্রিঃ মূলে পূরণকৃত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এর নমুনা ছক সম্বলিত পত্র প্রেরণ করা হয়।

তাছাড়া, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন ক্রয় প্রক্রিয়াকরণের বাস্তবসম্মত তারিখসহ 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' সঠিকভাবে প্রস্তুত না করে; উপরে বর্ণিত দফা খ) হতে ছ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

  
(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক

ফোন : ০২-৮১৮১২৩০।

প্রাপক :

অধ্যক্ষ  
হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ  
হবিগঞ্জ।

অনুলিপি :

১০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।